

স্মারক নং-০০.০০.৫০০০.৫৬.০৩৯.০০১.২১- ৪৩৫

তারিখ :- ১৯ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ।
০৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ।

নিয়োগ বিজ্ঞপ্তি


দৌলতপুর উপজেলার মরিচা ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডে, হোগলবাড়িয়া ইউনিয়নের ০৯ নং ও ০৪ নং ওয়ার্ডে, রিফায়েতপুর ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডে, আড়িয়া ইউনিয়নের ০৩ নং ও ০৮ নং ওয়ার্ডে এবং পিয়ারপুর ইউনিয়নের ০৫ নং, ০৮ নং ও ০৯ নং ওয়ার্ডে ০১(এক) জন করে গ্রামপুলিশ (মহস্তাদার)এর জন্য পদে সরাসরি নিয়োগ দানের জন্য স্ব স্ব ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

ক্রমিক	ইউনিয়নের নাম	পদের নাম	ওয়ার্ড নং	জন্য পদের সংখ্যা(মহস্তাদার)
০১.	মরিচা ইউনিয়ন	মহস্তাদার	০৮ নং ওয়ার্ড	০১
০২.	হোগলবাড়িয়া ইউনিয়ন	মহস্তাদার	০৪ নং ওয়ার্ড	০১
			০৯ নং ওয়ার্ড	০১
০৩.	রিফায়েতপুর ইউনিয়ন	মহস্তাদার	০৩ নং ওয়ার্ড	০১
০৪.	আড়িয়া ইউনিয়ন	মহস্তাদার	০৩ নং ওয়ার্ড	০১
			০৮ নং ওয়ার্ড	০১
০৫	পিয়ারপুর ইউনিয়ন	মহস্তাদার	০৫ নং ওয়ার্ড	০১
			০৮ নং ওয়ার্ড	০১
			০৯ নং ওয়ার্ড	০১

নিয়োগের শর্তাবলী :

- আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জাতীয়তা, ধর্ম, বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ আবেদনপত্রের সাথে আবেদনকারীর সত্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ (গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর কুষ্টিয়া বরাবরে আগামী ১২/০৫/২০২২ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে।
- প্রার্থীর বয়স ১২/০৫/২০২২ খ্রিস্টাব্দ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে, মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে ১৮ থেকে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- দফাদার ও মহস্তাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা থাকা আবশ্যিক।
(ক) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে : (১) সর্বনিম্ন উচ্চতা- ৫'-২", (২) স্বাভাবিক-৩০" সম্প্রসারণ-৩২", (৩) ওজন সর্বনিম্ন-৫০ কেজি
(খ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে : (১) সর্বনিম্ন উচ্চতা- ৫' ফুট, (২) স্বাভাবিক-২৮" সম্প্রসারণ-৩০", (৩) ওজন সর্বনিম্ন-৪৫ কেজি
- আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে:
ক) মহস্তাদার পদের জন্য সর্বনিম্ন ৮ম শ্রেণী পাশ/ জুনিয়র স্কুল সার্টিফিকেটের সত্যায়িত কপি।
খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদ।
গ) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০২(দুই) কপি রক্তিন ছবি।
ঘ) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি।
ঙ) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা সার্টিফিকেটের সত্যায়িত কপি।

- ১) মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রার্থীর পিতার নামীয় মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি।
- ২) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩) প্রার্থীর জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪) মৃত বা অবসরপ্রাপ্ত মহান্নাদার এর প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৫) প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি এ/ ডি এ প্রদান করা হবে না।
- ৬) আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। তাছাড়া, নিয়োগ প্রক্রিয়ার কোন পর্যায়ে তদবির/আর্থিক লেনদেন কিংবা কোন অভিযোগ প্রমাণিত হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৭) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।


 মোঃ আব্দুল জব্বার
 পরিচিতি নং-২০৬১৯
 উপজেলা নির্বাহী অফিসার
 দৌলতপুর, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
 দৌলতপুর, কুষ্টিয়া।

E-mail-unodaulatpurkushtia@mopa.gov.bd

১৯ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ।


স্মারক নং-০০.০০.৫০০০.৫৬.০৩৯.০০১.২১- ৪৩৫(১০০)

তারিখ :-

০৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ০১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
- ০৩। সহকারী কমিশনার (ভূমি), দৌলতপুর, কুষ্টিয়া।
- ০৪। অফিসার-ইন-চার্জ, দৌলতপুর থানা, দৌলতপুর, কুষ্টিয়া।
- ০৫। উপজেলা প্রকৌশলী, দৌলতপুর, কুষ্টিয়া।
- ০৬। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
- ০৭। সহকারী প্রোগ্রামার, দৌলতপুর, কুষ্টিয়া (তাকে বিজ্ঞপ্তি উপজেলার সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ----- ইউনিয়ন, দৌলতপুর, কুষ্টিয়া (বিজ্ঞপ্তি তার কার্যালয়ের আওতাধীন হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে প্রচারের জন্য বলা হলো)।
- ০৯। চেয়ারম্যান ----- ইউপি, দৌলতপুর, কুষ্টিয়া।
- ১০। সচিব, ----- ইউপি, দৌলতপুর, কুষ্টিয়া (বিজ্ঞপ্তি তার কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো)।
- ১০। অফিস কপি


 মোঃ আব্দুল জব্বার
 পরিচিতি নং- ২০৬১৯
 উপজেলা নির্বাহী অফিসার
 দৌলতপুর, কুষ্টিয়া।